SPECIMEN CALL UP LETTER

সতর্ককরণ

আন্তঃবাহিনী নির্বাচন পর্ষদে মনোনয়ন পরীক্ষা এবং সাক্ষাৎকার অনুষ্ঠানের পূর্বে অথবা উহা চলাকালীন সময়ে ব্যক্তিগতভাবে আপনি বা আপনার পক্ষ থেকে কেহ যাতে এ পর্ষদের কোন সদস্যের কাছে আপনার মনোনয়নের ব্যাপারে সরাসরি অনুরোধ বা সুপারিশ না করেন, সে ব্যাপারে পূর্বাহ্নেই আপনাকে সতর্ক করা যাচ্ছে। এই নিয়ম ভঙ্গের দায়ে পরীক্ষা এবং সাক্ষাৎকার চলাকালীন যে কোন পর্যায়ে আপনার প্রার্থিতা প্রত্যাহার করা হবে।

২৩.১৭.০০০০.৫৫৫.২৫.০০৫.১২

আন্তঃবাহিনী নির্বাচন পর্ষদ
ঢাকা সেনানিবাস

নাম .....X.....X.....

রোল নম্বর .....X.....X..... বোর্ড নম্বর .....X..... ব্যাচ নম্বর .....X.....

সশস্ত্র বাহিনীতে কমিশনের নিমিত্ত পরীক্ষা ও সাক্ষাৎকার অনুষ্ঠানে উপস্থিতির জন্য বিজ্ঞপ্তি

১। বাংলাদেশ সেনাবাহিনী/নৌবাহিনী/বিমান বাহিনীতে কমিশনের জন্য আপনার দরখাস্তের পরিপ্রেক্ষিতে আপনাকে আন্তঃবাহিনী নির্বাচন পর্ষদে পরীক্ষা এবং সাক্ষাৎকারের জন্য আগামী .....X.....X.....X..... তারিখ সকাল ০৭-৩০ ঘটিকার মধ্যে আইএসএসবি'র অভ্যর্থনা কেন্দ্রে হাজির হওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে। উক্ত অভ্যর্থনা কেন্দ্রটি ঢাকা সেনানিবাসে অবস্থিত ক্যান্টনমেন্ট থানার ২০০ মিটার সম্মুখে (উত্তর দিকে) এবং কুর্মিটোলা ফায়ার সার্ভিস স্টেশনের সন্নিকটে অবস্থিত। সেনানিবাসে বিভিন্ন মিলিটারী পুলিশ চেক পোস্ট থেকেও এর সঠিক নির্দেশনা পেতে পারেন। নির্দিষ্ট দিনে পরীক্ষা এবং সাক্ষাৎকারের জন্য সময়মত হাজির হতে ব্যর্থ হলে এবং নিম্নের ২ ও ৩ এ বর্ণিত সনদ/দ্রব্যাদি উপযুক্ত কারণ ব্যতীত না নিয়ে আসলে আপনাকে এবারের মত (পরীক্ষা এবং সাক্ষাৎকারের জন্য) অযোগ্য বলে বিবেচনা করা হবে।

২। **নিম্নলিখিত সনদপত্র (মূল/সাময়িক) সঙ্গে আনতে হবে ঃ**

(ক) মাধ্যমিক শিক্ষা সনদ ও মার্কসীট।

(খ) উচ্চ মাধ্যমিক শিক্ষা সনদ ও মার্কসীট।

(গ) স্নাতক ও স্নাতকোত্তর শিক্ষা সনদ (যদি প্রযোজ্য হয়)

(ঘ) অতিরিক্ত যে কোন সনদপত্র/প্রশংসাপত্র।

(ঙ) পিতা/অভিভাবকের সাম্প্রতিক আয়কর প্রত্যায়ন পত্রের সত্যায়িত ফটোকপি

৩। এছাড়াও আপনাকে নিম্নলিখিত পরিধেয় বস্ত্র/দরকারী জিনিসপত্রগুলো সঙ্গে আনতে হবে ঃ

ক। **পুরুষ প্রার্থীদের জন্য।**

(১) কমপক্ষে দুইটি সাদা শর্টস (হাফ প্যান্ট), দুইটি সাদা টি শার্ট (ট্র্যাকস্যুট শীতকালের জন্য)।

(২) কেডস (এক জোড়া)।

(৩) কমপক্ষে দুই সেট মার্জিত পরিধেয় বস্ত্র (শার্ট, ট্রাউজার, টাই, শীতকালে স্যুট/ব্লেজার ইত্যাদি)।

খ। **মহিলা প্রার্থীদের জন্য।**

(১) কমপক্ষে এক সেট গাঢ় সবুজ ট্র্যাকস্যুট এবং কেডস (এক জোড়া)।

(২) কমপক্ষে দুইটি সাদা গোল গলা ও হাফহাতা গেঞ্জি।

(৩) কমপক্ষে দুই সেট মার্জিত পরিধেয় বস্ত্র (হালকা রংয়ের সালোয়ার-কামিজ/শার্ট ট্রাউজার, টাই, শীতকালে কার্ডিগাল/স্যুট/ব্লেজার ইত্যাদি)।

গ। **পুরুষ ও মহিলা উভয় প্রার্থীদের জন্য।**

(১) কমপক্ষে একটি ফুল হাতা সাদা জার্সি/পুলওভার (শুধুমাত্র শীতকালে)।

(২) কমপক্ষে একটি তোয়ালে।

(৩) কমপক্ষে একজোড়া ভদ্রোচিত সাধারণ পরিধেয় জুতা।

(৪) প্রয়োজন অনুযায়ী ব্যবহার্য অন্যান্য ব্যক্তিগত সামগ্রী (টয়লেট্রিজ, অন্তর্বাস, রুমাল, শেভিং কিট, চপ্পল ইত্যাদি)

(৫) লেখার সামগ্রী, যথা ঃ কলম/বলপেন (কাল ও লাল), পেন্সিল (2B), শার্পনার, রাবার ইত্যাদি।

৪। আইএসএসবি-তে প্রয়োজন নেই এমন কোন যন্ত্র বা ইলেক্ট্রনিক সামগ্রী যেমন–মোবাইল, ফোন, ক্যামেরা, মিনি কম্পিউটার ক্যালকুলেটর, বাইনোকুলার, ছোরা বা আগ্নেয়াস্ত্র ইত্যাদি সঙ্গে আনলে প্রার্থিতা প্রত্যাহার করা হবে।

৫। মূল্যবান অলংকার এবং অপ্রয়োজনীয় কোন সামগ্রী সঙ্গে আনা যাবে না।

৬। এ পর্ষদে আপনার অবস্থানকালের মেয়াদ হবে সর্বাধিক ৪ দিন এবং একই সময়ের মধ্যে আপনাকে আবাসস্থলের বাইরে যেতে দেয়া হবে না। অবস্থান মেয়াদ যাই হোক, আপনাকে এই সময়ে মার্জিত ও ভদ্র ব্যবহার করতে হবে। শৃঙ্খলা এবং আরোপিত নিয়ম-কানুন মেনে চলতে হবে। উল্লিখিত বিষয়াদি অমান্যকারীর বিরুদ্ধে প্রচলিত নিয়ম এবং বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে, এমনকি ভবিষ্যতে সশস্ত্র বাহিনীতে কমিশনের নিমিত্ত যে কোন পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য অযোগ্য বলে ঘোষণা করা হতে পারে।

৭। মনোনয়ন/প্রত্যাখ্যান বা এ পর্ষদের যে কোন সিদ্ধান্তের বিরুদ্ধে কোন প্রার্থীর কোন রকম আবেদন গ্রহণযোগ্য নয়।

৮। বিগত ৫ (পাঁচ) মাসের মধ্যে আপনি এ পর্ষদে পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য হাজির হয়ে থাকলে এবং আইএসএসবি'র পরীক্ষায় দুইবার প্রত্যাখ্যাত/ক্রীন্ড আউট হলে এই পত্র আপনার জন্য প্রযোজ্য হবে না।

৯। আপনি যদি একাধিক বাহিনীতে (সেনা, নৌ ও বিমান বাহিনী) কমিশনের জন্য দরখাস্ত করে থাকেন, তবে আপনি একান্তভাবে যে বাহিনীতে যোগদান করতে ইচ্ছুক সে বাহিনীর জন্য উপস্থিতির বিজ্ঞপ্তি পাওয়ার পর পরীক্ষা ও সাক্ষাৎকারের জন্য এ পর্ষদে হাজির হবেন।

১০। আইএসএসবি-তে যোগদানের তারিখ পরিবর্তনের জন্য আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। কোন বিষয়ে জিজ্ঞাসা থাকলে প্রয়োজনে পরীক্ষার পূর্বেই আইএসএসবি'র অনুসন্ধান কেন্দ্রে বা নিম্নে প্রদত্ত টেলিফোন নম্বরসমূহে যোগাযোগ করতে পারেন।

ক। সামরিক ঃ ৮৮৭১২৩৪ বর্ধিত-৪২৬৬

খ। বেসামরিক ঃ ৯৮৩৪২৬৬

গ। ই-মেইল ঃ info@issb-bd.org

ঘ। ওয়েব সাইট ঠিকানা ঃ www.issb-bd.org

X X X

মেজর
পক্ষে প্রেসিডেন্ট
আইএসএসবি

গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস–কম্পিউটার শাখ-ক-১৪৯/১৩-১৪/(এম)–তাং-১৩-০৮-২০১৩–১০,০০০ কপি।